

বেতন বৃদ্ধির প্রতিবাদে ২২টি
ছাত্র সংগঠনের কর্মসূচী

১লা জুলাই সারাদেশে ছাত্র ধর্মঘট

২২টি ছাত্র সংগঠন ছাত্রবেতন বৃদ্ধির প্রতিবাদে আগামী ১লা জুলাই দেশব্যাপী শিক্ষা প্রতিষ্ঠানে পূর্ণদিবস ছাত্র ধর্মঘট পালনের কর্মসূচী ঘোষণা করেছে। এদিন

সকল শিক্ষা প্রতিষ্ঠানে কালো পতাকাও উত্তোলন করা হবে। সংগঠনগুলো বধিত ছাত্রবেতন না দেয়ার জন্যও ছাত্রদের প্রতি আহ্বান জানিয়েছে।

গতকাল বৃহস্পতিবার ২২টি ছাত্র সংগঠনের নেতৃবৃন্দের এক সভায় এ কর্মসূচী গ্রহণ করা হয়।

ডাকসু কার্যালয়ে অনুষ্ঠিত এ সভায় সকল স্কুল-কলেজে 'বধিত ছাত্রবেতন প্রতিরোধ কমিটি' গঠনের সিদ্ধান্ত ঘোষণা করা হয়।

সভায় বধিত ছাত্রবেতনের বিরুদ্ধে ছাত্র-শিক্ষক-অভিভাবক-সহ সর্বস্তরের মানুষের স্বাক্ষর সংগ্রহ, সভা-মিছিল ও প্রচারণা-যানের সিদ্ধান্ত নেয়া হয়। বধিত হাবের বেতনের প্রতিবাদে অফিস-কক্ষে তালী লাগানোর সিদ্ধান্তও সভায় গৃহীত হয়।

সভায় গৃহীত সিদ্ধান্তে বলা হয়, ১লা জুলাই-এর ছাত্র-ধর্মঘটে এইচ, এস, সি পরীক্ষা অন্তর্ভুক্ত হবে না। খবর সংবাদ বিকল্প-পত্রিকার।